

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৬.১৭- ১৬৮

তারিখঃ ০৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ (কনটেম্পট পিটিশন নং-৭৯/২০১৮) মামলার গত ১৩.০৪.২০১৭ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে দায়েরকৃত আপীল দ্রুত শুনানির ব্যবস্থা গ্রহণ এবং হাইকোর্ট বিভাগের রায় স্থগিতকরণের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০৩৬.১৭-১৪৬, তারিখঃ ০৬.০৩.১৯ খ্রি.।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০০৭.০০১.১৭-১১৭, তারিখঃ ২০.০২.১৯ খ্রি.।
(৩) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০১৪.১৭.TSC (১৫).১২৭৬, তারিখঃ ১৯.০২.২০১৯ খ্রি.।
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০০৭.০০১.১৭-০২, তারিখঃ ০১.০১.১৯ খ্রি.।
(৫) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০১৪.১৭.TSC (১৫).১১৪২, তারিখঃ ২৪ ডিসেম্বর ২০১৮।
(৬) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০০৭.০০১.১৭-৪৭৮, তারিখঃ ২৮ আগস্ট ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সৃষ্ট রিনোভেশন এন্ড রিঅর্গানাইজেশন শীর্ষক প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট, সিলেট এর গার্ড জনাব হানিফ মজুমদার গং (০৩ জন) কর্তৃক তাঁদের চাকুরি নিয়মিতকরণ/আত্মীকরণের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ দায়ের করা হয়।

০২। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৩.০৪.২০১৭ খ্রি. তারিখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি পিটিশনারগণকে রাজস্ব বাজেটে চাকুরির ধারাবাহিকতা ও চাকুরি সংক্রান্ত অন্যান্য সুবিধাসহ নিয়মিতকরণ/আত্মীকরণের নির্দেশনা প্রদান করা হয় এবং পিটিশনারগণকে তাঁদের অনুরূপ/সমমান পদের প্রয়োজনীয় যোগ্যতা থাকলে আত্মীকরণ না করা পর্যন্ত ভবিষ্যতে কোন নিয়োগ প্রক্রিয়া গ্রহণ করা যাবে না রায় উল্লেখ করা হয়।

০৩। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতের প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সূত্র (৫) মূলে অনুরোধ করা হলে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক আপীল বিভাগে সি.এম.পি. দায়েরের ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ সলিসিটর বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৪। সলিসিটর উইং কর্তৃক আপীল বিভাগে আপীল দায়েরের জন্য বিজ্ঞ আইনজীবী জনাব মাহমুদা বেগম কে এডভোকেট অন-রেকর্ড (এ.ও.আর) হিসেবে নিয়োগ করা হলে তিনি রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ এর ১৩.০৪.১৭ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে আপীল নং-৪৭৭৯/২০১৮ দায়ের করা হয়।

০৫। মহামান্য চেম্বার আদালতে গত ২১.০১.১৯ খ্রি. তারিখে উক্ত মামলার রায়ের বিরুদ্ধে স্থগিতাদেশ প্রার্থনা করে আবেদন করলে মহামান্য আদালত কর্তৃক "Let the leave petition be posted for hearing in list on 24th February, 2019" আদেশ প্রদান করা হয়।

০৬। রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ এর ১৩.০৪.১৭ খ্রি. তারিখের রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৭৯/২০১৮ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় মহামান্য আদালত কর্তৃক গত ০৬.০২.১৯ খ্রি. তারিখের শুনানিতে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

The learned Advocate for the contemnor-respondent No. 1 submits that the director General has already approached the ministry concern for its permission to implement the order passed by the High Court Division. He further assured this court that they will implement the order of this court within 3 (three) weeks from date. Let the matter be adjourned till 24.02.19 as prayer for.

০৭। রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ এর ১৩.০৪.২০১৭ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল বিভাগে দায়েরকৃত আপীল নং-৪৭৭৯/২০১৮ মামলাটি জরুরিভাবে শুনানির ব্যবস্থা গ্রহণ এবং রায় স্থগিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ০৭.০৩.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সূত্র (২) মূলের মাধ্যমে অনুরোধ করা হয়।

০৮। পরবর্তীতে উক্ত আপীল মামলাটি বিজ্ঞ অ্যাটর্নী জেনারেল মহোদয়ের সাথে ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করে দ্রুত শুনানির ব্যবস্থা গ্রহণ এবং হাইকোর্ট বিভাগের রায় স্থগিতকরণের ব্যবস্থা গ্রহণক্রমে গত ১৮.০৩.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (১) মূলে অনুরোধ করা হয়। অদ্যাবধি উক্ত পত্রের জবাব পাওয়া যায়নি।

০৯। এমতাবস্থায়, আপীল বিভাগে দায়েরকৃত আপীল নং- ৪৭৭৯/২০১৮ মামলাটি বিজ্ঞ অ্যাটর্নী জেনারেল মহোদয়ের সাথে ব্যক্তিগত যোগাযোগ ক্রমে দ্রুত শুনানির ব্যবস্থা গ্রহণের বিষয়ে সূত্র (১) মূলে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ২৮.০৩.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে পুনরায় বিনীত অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।